

পাগলী যখন মা

মম্পি দে

প্রাণত ভ্রমণে যাইবার পথে,
হঠাৎ দৃষ্টিটা লোকারণ্যের মাঝে ।
পা খানা জড় হইয়া গেল
অনেক কৌতূহলের মাঝে ।
সম্মুখে যাহা চোখে পরিল
বাগ শক্তি হারিয়ে গেল ।
প্রসব যন্ত্রনায় এক অসহায়
ভূমিতে পড়িয়া লুটালুটি খায় ।
সাহায্যের হাত খুজিয়া বেড়ায়
সহমর্মিতা খুজিয়া না পায় ।
কেউ এটাতে রসায়ণ যোগাচ্ছে
কেউ আবার লেন্স বন্ধিতে মগ্ন ।
কোথা থেকে ফিস্ ফিস্ ওয়াজ
কর্ণ ধারে বিধিল খুব ।
পাগলীটা মা হইতে চলছে,
বাবা কে সেটা জানেনা তো কেউ ।
মানুষের মূল্যবোধটাই যে শূণ্য
বিবেক চাপা নৈশাচারীতার দ্বাসত্বে ।
ডিগ্রি গুলো আজ সহজ লভ্য
নৈতিক শিক্ষা আজ বাক্স বন্ধি ।
অনুভূতি নাঠকের খোলস মাত্র
মনটা যেন যন্ত্রে পরিচালিত ।

* * *